

📘 আন-নামাল | An-Naml | ٱلنَّمْل

আয়াতঃ ২৭: ৫৪

💵 আরবি মূল আয়াত:

وَ لُوطًا إِذ قَالَ لِقُومِهِ آتَاتُونَ الفَاحِشَةَ وَ آنتُم تُبصِرُونَ ﴿٥٤﴾

🗚 অনুবাদসমূহ:

আর স্মরণ কর লূতের কথা, যখন সে তার কওমকে বলেছিল, 'তোমরা কেন অশ্লীল কাজ করছ, অথচ তা তোমরা ভালভাবে প্রত্যক্ষ করছ'? — আল-বায়ান

স্মরণ কর লূতের কথা, সে তার সম্প্রদায়কে বলেছিল- তোমরা দেখে-শুনে কেন অশ্লীল কাজ করছ, — তাইসিরুল স্মরণ কর লূতের কথা, সে তার সম্প্রদায়কে বলেছিলঃ তোমরা জেনে শুনে কেন অশ্লীল কাজ করছ? — মুজিবুর রহমান

And [mention] Lot, when he said to his people, "Do you commit immorality while you are seeing? — Sahih International

৫৪. আর স্মরণ করুন লুতের কথা(১), তিনি তার সম্প্রদায়কে বলেছিলেন, তোমরা জেনে-দেখে(২) কেন অম্লীল কাজ করছ?

- (১) কওমে লুতের কাহিনী তুলনামূলক অধ্যায়নের জন্য দেখুন আল আ'রাফঃ ৮০ থেকে ৮৪, হূদ ৭৪ থেকে ৮৩, আল হিজরঃ ৫৭ থেকে ৭৭, আল-আম্বিয়াঃ ৭১ থেকে ৭৫, আশ শু'আরাঃ ১৬০ থেকে ১৭৪, আল আনকাবুতঃ ২৮ থেকে ৭৫, আস সাফফাতঃ ১৩৩ থেকে ১৩৮ এবং আল-কামারঃ ৩৩ থেকে ৩৯ আয়াত।
- (২) এখানে শৃক্তির দু অর্থ হতে পারেঃ এক, চাক্ষুষ দেখা। তখন এর কয়েকটি অর্থ হতে পারে। সম্ভবত এ সবগুলো অর্থই এখানে প্রযোজ্য। এক. এ কাজটি যে অশ্রীল ও খারাপ তা তোমরা জানো না এমন নয় বরং জেনে বুঝে তোমরা এ কাজ করো। [সা'দী] দুই. তোমরা প্রকাশ্যে কোন প্রকার রাখ-ডাক ছাড়াই এ অশ্লীল কাজ করে যাচ্ছে। কারণ, তারা এ সমস্ত কদর্য কাজগুলো লোকসমক্ষেই করে বেড়াত। তাদের বিভিন্ন বৈঠকেও তারা সেটা করত। [কুরতুবী; ইবন কাসীর] অন্যদিকে চক্ষুম্মান লোকেরা তোমাদের কার্যকলাপ প্রত্যক্ষ করছে, যেমন অন্য আয়াতে বলা হয়েছে, "আর তোমরা নিজেদের মজলিসে বন্দকাম করে থাকো"। [সূরা আল-আনকাবৃতঃ ২৯] দুই, অন্তর দিয়ে জেনে উপলব্ধি করা। তখন অর্থ হবে, তোমরা অন্তর দিয়ে ভাল করেই জানো ও বোঝা যে, কোন ক্রমেই এ কাজটি ভাল নয়। তারপরও তোমরা সেটা করে যাচছ। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৫৪) (স্মরণ কর) লূতের কথা,[1] সে তার সম্প্রদায়কে বলেছিল, 'তোমরা কি জেনে-শুনে অঞ্লীল কাজ



করবে? [2]

[1] অর্থাৎ, লূত (আঃ)-এর ঘটনা স্মরণ কর, যখন তিনি বললেন। লূত জাতি আস্মূরাহ ও সাদূম শহরে বসবাস করত।

[2] تُبِصِرُون অর্থাৎ, এ কথা দর্শন করছ যে, তা অশ্লীলতা। এখানে দর্শন বলতে জ্ঞান চক্ষু দ্বারা দর্শন। আর যদি চর্মচক্ষুর দর্শন উদ্দেশ্য হয়, তাহলে অর্থ দাঁড়াবে যে, তোমরা এক অপরের চোখের সামনে এ কাজ করছ? অর্থাৎ, তোমাদের ধৃষ্টতা এত বেড়ে গেছে যে, এ কুকর্ম করার সময় লুকানোর চেষ্টাও কর না!

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3213

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন